

এইচএসসির ফল প্রকাশের সম্ভাব্য তারিখ ১৮ অক্টোবর

অনলাইন ডেক্স



সংযুক্ত ছবি

এবারের ২০২৫ সালের এইচএসসি ও সমমান পরীক্ষার খাতা

দেখা শেষ হয়েছে। এখন ফল প্রকাশের প্রস্তুতি চলছে। আগামী
১৮ অক্টোবরের আগেই পরীক্ষার ফল প্রকাশ করা হবে। মঙ্গলবার

(৬ অক্টোবর) এসব তথ্য জানিয়েছেন আন্ত শিক্ষা বোর্ড পরীক্ষা
নিয়ন্ত্রক কমিটির আহ্বায়ক অধ্যাপক এস এম কামাল উদ্দিন
হায়দার।

শুন

নতুন দুই টিভি চ্যানেলের অনুমোদন দিল সরকার



দেশের সব শিক্ষা বোর্ডেই খাতা মূল্যায়ন সম্পন্ন হয়েছে উল্লেখ

করে তিনি জানান, বর্তমানে ফল প্রস্তুতের কারিগরি কাজ চলছে।

নির্ধারিত সময়ের মধ্যেই ফল প্রকাশের জন্য প্রয়োজনীয় সব

প্রক্রিয়া সম্পন্ন করার নির্দেশনা দেওয়া হয়েছে।

অধ্যাপক কামাল উদ্দিন বলেন, ‘১৮ অক্টোবর ৬০ দিন পূর্ণ হবে।

আমরা এর আগেই ফল প্রকাশ করব।

তবে ফল প্রকাশের নির্দিষ্ট তারিখ এখনো চূড়ান্ত হয়নি। তারিখ

চূড়ান্ত হলে জানানো হবে।’

প্রসঙ্গত, চলতি বছরের এইচএসসি ও সমমানের পরীক্ষায় মোট

১২ লাখ ৫১ হাজার ১১১ জন শিক্ষার্থী অংশ নেয়। তাদের মধ্যে

ছাত্র ৬ লাখ ১৮ হাজার ১৫ জন এবং ছাত্রী ৬ লাখ ৩৩ হাজার ৯৬

জন।